# ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : বেলায়েত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ৩১/১০/২০২৪ খ্রিঃ।

সময় : সকাল ১১-০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে আহ্বান জানানো হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন

উপজেলা নির্বাহী অফিসার গত ২৯/০৮/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর কোন সংযোজন বিয়োজন না থাকায় তা অনুমোদন ও দৃঢ় করা হয়।

২। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহ্বান জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(ক) ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতীয় তথ্য বাতায়ন পৃথিবীর বৃহত্তম তথ্য বাতায়ন। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে দেশের সকল সরকারী/আধা-সরকারী দপ্তরের তথ্য সহযোগে নির্মিত জাতীয় তথ্য বাতায়ন হাল-নাগাদ রাখার লক্ষ্যে এ উপজেলার ওয়েব পোর্টাল আপডেট রাখতে হবে। সকল ইউপি চেয়ারম্যান, সদস্যদের তথ্য ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বদলীজনিত কারণে নব যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হাল-নাগাদ তথ্য তাৎক্ষনিকভাবে ওয়েব পোর্টালে সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে thakurgaonsadar. thakurgaon.gov.bd ঠিকানায় ভিজিট করে হাল নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>(খ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: প্রতিটি অফিস আদালতে শুদ্ধ আচরণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সকল সরকারী কর্মকর্তা/জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষন করেন।<br>(গ) ইনোভেশন সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদান করতে হবে। তিনি আরো জানান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ এবং এডহক কমিটিতে অভিভাবক সদস্য মনোনয়নের কার্যক্রমে অন-লাইন চালু করা হয়েছে। এতে করে উক্ত সেবা গ্রহীতাগনকে এখন সেবাটি পাওয়ার জন্য দেরী করতে হয় না। অফিসে আসা লাগে না এবং সেবাটি পেতে কোন অর্থ খরচ করতে হচ্ছে না। অন্যান্য কর্মকর্তাগণকে তিনি নিজ নিজ চিন্তা-চেতনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন করতে পরামর্শ প্রদান করা হয়। | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে।<br>৩. স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য ও প.প. বিভাগ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান ও সকল দপ্তর প্রধানের সহযোগিতায় জরায়ু মুখ ক্যান্সার (এইচপিবি) প্রতিরোধ টিকাদান ক্যাম্পেই শুরু হয়েছে। এই ক্যাম্পের নির্দিষ্ট যে তাগেট তা অর্জন করতে সক্ষম হবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করেন। এই জরায়ুমুখ ক্যান্সার বা সার্ভাইক্যাল ক্যান্সার যেটা বলা হয় না কেন এই টিকাদান কার্যক্রমটি বর্তমান স্কুল পর্যায়ে ৫ম থেকে ৯ম শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের মাঝে চলমান রয়েছে। যাদের বয়স নয় থেকে চৌদ্দ বছর তারাই শুধু এই টিকাটি গ্রহণ করতে পারবেন। এছাড়াও কেউ যদি নয় বছরের কম হয় অথচ সে নবম শ্রেণিতে লেখাপড়া করে সেও এই টিকাটি গ্রহণ করতে পারবে আবার | | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | কেউ যদি চৌদ্দ বছরের বেশি হয় কিন্তু সে নবম শ্রেনিতে লেখাপড়া করে সেও এই টিকা গ্রহণ করতে পারবে। ইতোমধ্যে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদ্বয়ের কাছে তাদের তালিকা প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়েছে এবং এই তালিকায় তারা অর্ন্তভূক্ত হবে সেই নির্দেশনাও তাদের প্রদান করা হয়েছে। আপনারদের কাছে সহযোগিতা এতটুকু চাওয়া হচ্ছে যে, এই টিকাটা করোনা টিকার মত নয় এই টিকাটি প্রায় পাঁচ থেকে ছয় বছর পর্যালোচনা করে বাচ্চাদের গায়ে প্রদানের জন্য এসেছে। তাই তাদের সচেতন করা যে, এই টিকা গ্রহণ করলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া হবে না। যদি গত দুই এক দিন আগে দুই একটি জেলা কিশোদের কিছু পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিয়েছে তার কারণ হলো যদি কিরোশীরা আতঙ্কিত হওয়ার কারণে এমনটা হয়েছে। তাই আতঙ্কিত হওয়ার কিছু নেই। তবে যদি কোন বাচ্চা অসুস্থ্য থাকে তাকে অবশ্যই এই টিকা প্রদান করা হবে না। এই টিকাদান কার্যক্রম ২৪ অক্টোবর ২০২৪ হতে ০৭ নভেম্বর ২০২৪ পর্যন্ত স্কুল পর্যায় চলমান রয়েছে। এরপর আবার ২৪ নভেম্বর পর্যন্ত ইউনিয়ন পর্যায় চলবে। এর মধ্যে যদি কোন বাচ্চা স্কুল পর্যায় টিকা নিতে না পারে তাহলে তাকে ইউনিয়ন পর্যায়ে টিকাদান কর্মসূচীতে টিকা প্রদান করা হবে। এরপরও যদি কোন বাচ্চা ইউনিয়ন পর্যায়ে গ্রহণ করতে ব্যর্থ হন তাহলে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে প্রদান করা হবে। এছাড়াও কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি আমাদের কে অবগত করেন যে, তাদের প্রতিষ্ঠানের কিছু বাচ্চা এই টিকা গ্রহণ করতে পারে নাই, তাহলে তাদেরকে ঐ শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে টিকা প্রদান করেবেন মর্মে সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। তিনি আরও জানান যে, একটি টিকা গ্রহনে রেজিষ্ট্রেশন করতে অবশ্যই বাচ্চাদের ১৭ ডিজিটের অনলাইন জন্ম নিবন্ধন লাগবে। এক্ষেত্রে ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন যে, যাদের অনলাইন জন্ম নিবন্ধন নাই তাদেরকে অনলাইন জন্ম নিবন্ধন করে দিনে রেজিষ্ট্রেশনের করে টিকা গ্রহণের পরামর্শ প্রদান করার জন্য অনুরোধ জানান। এখন পর্যন্ত স্কুল পর্যায়ে টিকা প্রদানের হার ৯৫% হয়েছে। আশা করা যাচ্ছে যে, আপনাদের সহযোগিতা যে, আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০% টিকাদান কার্যক্রম সম্পন্ন হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | | |
| ০৩ | উপজেলা প্রকৌশল দপ্তর:<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত হিসেবে ১,৯৯,০০,০০০/- টাকা উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলে জমা রয়েছে এবং ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি'র ১ম কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া গেছে। উক্ত রাজস্ব উদ্বৃত্ত অর্থ ও এডিপি'র বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে প্রতিটি ইউনিয়নের উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নের উন্নয়নমূলক প্রকল্পে উপজেলা প্রকৌশল দপ্তরে দাখিল করেছেন। উক্ত দাখিলকৃত প্রকল্পগুলো নিয়ে ইতোমধ্যে প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। দাখিলকৃত প্রকল্পসমূহ দৃশ্যমান ও বাস্তবমূখী হওয়ায় প্রকল্পগুলো বাস্তবায়নের লক্ষ্যে সকলের সিদ্ধান্তক্রমে উপজেলা মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। তিনি জানান উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা'২০১৪ অনুসরণ পূর্বক প্রকল্পসমূহ সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করে অনুমোদনের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প যাচাই-বাছাই কমিটির সুপারিশকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য অনুমোদন করা হলো। যা পরিশিষ্ট "খ" তে দেখানো হলো। | উপজেলা প্রকৌশলী |
| ০৪ | উপজেলা কৃষি অফিস<br>নব যোগদানকৃত কৃষিবিদ জনাব মোঃ নাছিরুল আলম, উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতায় মাঠ পর্যায়ে প্রণোদনার কার্যক্রম চলমান রয়েছে। তিনি তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। কৃষি বিভাগীয় আলোচনাকালে চেয়ারম্যান, ০৪নং বড়গাঁও ইউপি জানান যে, ইউনিয়ন পর্যায়ে কৃষকের মাঝে যে, প্রণোদন কার্যক্রম চলমান রয়েছে এখানে ইউপি চেয়ারম্যানগণের কোন সম্পৃকতা রয়েছে কিনা তা জানতে চান। উপজেলা কৃষি অফিসার জানান যে, বিগত দুই বছর আগে ইউনিয়ন পর্যায় একটি কমিটি ছিল। ঐ কমিটির মাধ্যমে কৃষকদের যে তালিকা করা হয়েছিল সেই তালিকা মোতাবেক প্রণোদনা প্রদান করা হচ্ছে। বর্তমান ইউনিয়ন কমিটিটি বিলুপ্ত করা হয়েছে। কৃষি প্রণোদনা প্রদানের ক্ষেত্রে অবশ্যই ইউপি চেয়ারম্যানদেরকে অবগত করে বিতরণ করা হচ্ছে। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কৃষি মন্ত্রণালয় হতে সম্প্রতি জারিকৃত পরিপত্র মোতাবেক ইউনিয়ন উপ-সহকারী কর্মকর্তা এই তালিকা প্রস্তত করবেন এবং তার মাধ্যমে কৃষি প্রণোদনার মালামাল বিতরণ করা হবে। বর্তমানে জারীকৃত পরিপত্রে ইউনিয়ন পরিষদকে প্রনোদনার বিষয়ে অবগত করতে হবে এই রকম কোন বাধ্যবাধকতা নেই। পরিপত্রে উল্লেখ না থাকলে কৃষি প্রনোদনার কাজটি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করে ইউনিয়ন পর্যায় তালিকা করে কৃষি প্রণোদনার মালামাল বিতরণ করার জন্য স্থানীয় ভাবে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | প্রকল্প বাস্তবায়ন দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা অফিসার জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলার বিদ্যালয়গুলোতে নতুন ওয়াশব্লক নির্মাণ ও স্থাপনের কাজ চলমান রয়েছে। এক্ষেত্রে কিছু কিছু বিদ্যালয় তাদের ওয়াশব্লক নির্মাণের নির্ধারিত স্থানে গাছ দন্ডায়মান থাকায় তা নিলামের মাধ্যমে কর্তনের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবরে আবেদন করেছেন। আবেদনকৃত প্রতিষ্ঠান গাছগুলো দ্রুত নিলামের মাধ্যমে কর্তনের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের গাছ কর্তনের আবেদনসমূহ মূল্য নির্ধারণের জন্য সামাজিক বনবিভাগ, দিনাজপুর বরাবরে প্রেরণ করা হয়েছে। গাছগুলোর মূল্য নির্ধারণ প্রতিবেদন পাওয়া মাত্র নিলামের মাধ্যমে কর্তনের ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা শিক্ষা অফিসার আরও জানান যে, নির্বাচিত কিছু বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ ও ওয়াশব্লক স্থাপনের কাজ চলমান রয়েছে। এই সব কাজের গুনগত মান নিয়ে বিভিন্ন সময় বিভিন্ন অভিযোগ পাওয়া যাচ্ছে। তিনি ভবন নির্মাণ ও ওয়াশব্লক নির্মাণ কাজের গুনগত মান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, ভূমিদস্যুগণ বিভিন্ন বিদ্যালয়ে অবৈধভাবে বিদ্যালয়ের জমি দখল কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে। ভূমিদস্যুদের হাত থেকে বিদ্যালয়ের জমি রক্ষার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানগণ উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবরে আবেদন করেছেন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, ও সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান এ মাসে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির সেবা সপ্তাহ গত ১৯/১০/২০২৪ খ্রি. তারিখে শুরু হয়ে ২৪/১০/২৪ তারিখে সমাপ্ত হয়েছে। এই সেবা সপ্তাহে মোট ১৮১টি ইমপ্লানন, ৬১টি আইইউডি, ১টি এনএসভি ও ৩০ টি লাইগেশন সম্পাদিত হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮ | মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা:) সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান সেপ্টেম্বর ও অক্টোবর/২০২৪ মাসে ৬৫(পয়ষট্টি) জন মৎস্যচাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ১০(দশ) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শন পূর্বক পরামর্শ প্রদান এবং ২০(বিশ) জন মৎস্য চাষিকে গুলশা/পাবদা/টেংরা মাছের চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি জানান মাছের অবাধ বিচরণ নির্বিঘ্নে রাখার লক্ষ্যে কারেন্ট জাল, চায়না চুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো অপসারণ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৯ | প্রাণী সম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান ঠাকুরগাঁও সদর উপজেলায় কয়েকটি ডেইরি খামার রয়েছে। এই ডেইরি খামারের মালিকগণ গাভীর দুধের সঠিক দাম পাচ্ছেন না। চিপ ফ্যাক্টরীর মালিকগণ কম দামে খামারীদের কাছ থেকে দুধ ক্রয় করছেন। ইতোমধ্যে খামারীগণ গাভীর দুধের সঠিক দাম নির্ধারণের জন্য আবেদন করেছেন। তিনি এই বিষয়টি নিরসনের জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, শুধু একটি উপজেলার জন্য কোন দ্রব্যের দাম নির্ধারণ করা হয় না। এটা গোটা জেলার জন্য জেলা কমিটি সভার মাধ্যমে যে কোন দ্রব্যের দাম নির্ধারণ করে থাকেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রান্তিক ডেইরি খামাদের গাভীর দুধের দাম নির্ধারণ করে দেয়ার জন্য জেলা সমন্বয় কমিটিতে বিষয়টি উপস্থাপন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা/ উপজেলা নির্বাহী অফিসার। |
| ১০ | সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | খাদ্য বিভাগ :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দপ্তরে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান তার দপ্তরের আওতায় খাদ্যবান্ধব কর্মসূচি চলমান রয়েছে, পৌরসভার ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান টিসিবির চাল যথাসময়ে বিতরণ করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সকল ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান গত ১৭/১০/২০২৪ তারিখ হতে বেনবেইস জরিপ কাজ চলমান রয়েছে। মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর IMS কাজ চলমান রয়েছে। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নানাবিধ সমস্যা দেখা দিলে তা উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর হতে সমাধানের কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে।<br>২। বিদালয়ে পরিদর্শন বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসা |
| ১৩ | পরিসংখ্যান অফিস :<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ১৪ | সমবায় অফিস :<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলার সমবায় সমিতিগুলো নিয়মিত অডিটও পরিদর্শন কাজ চলমান রয়েছে। গত অর্থবছরে অডিট ফি ও সিডিএফ এর পরিমান ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) ধার্য্য করে জমা প্রদান করা হয়েছে। আশ্রয়ণ ও আবাসনগুলোতে নিয়মিত ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। অনেক সদস্য সমিতির বাইরে চলে যাওয়ার কারণে তাদের কাছ থেকে ঋণ আদান করা সম্ভব হচ্ছে না। তিনি আরও জানান অত্র উপজেলায় "দুগ্ধ ঘাটতি এলাকায় সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প" নামে নতুন একটি প্রকল্প চালু হয়েছে। এ প্রকল্পের ৫০(পঞ্চাশ) জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত সমবায়ীগণকে অল্প সময়ের মধ্যে ঋণ প্রদান করা হবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | মহিলা বিষয়ক দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | যুব উন্নয়ন অফিসার<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের, কাজক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৭ | নির্বাচন বিভাগ:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান আগামী জানুয়ারী/২০২৪ মাসে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হবে। ভোটার তালিকা হালনাগাদ করার লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান ও মেয়র, ঠাকুরগাঁও পৌরসভা মহোদয়গনকে তাদের স্ব স্ব ইউনিয়ন ও পৌরসভার অনলাইন জন্ম ও মৃত্যুসনদ সরবরাহ করার অনুরোধ জানান। এছাড়াও অফিস চলাকালীন সময়ে তার দপ্তর হতে প্রতিদিন নতুন ভোটার স্থানান্তর ও জাতীয় পরিচয়পত্র সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৮ | বন বিভাগ<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কর্মকান্ডের প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ |
| ১৯ | জনস্বাস্থ্য বিভাগ<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলায় ৪০৭টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩৭৭টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের নির্মাণ কাজ সমাপ্তি করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের কাছে হস্তান্তর করা হয়েছে। বিদ্যালয় কর্তৃপক্ষ ওয়াশ ব্লকগুলো ব্যবহার করছেন কিন্তু পরিস্কার পরিচ্ছন্নতার অভাব পরিলক্ষিত হচ্ছে। তিনি এই ওয়াশব্লকগুলো নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসাকে সংশ্লিষ্ট প্রতিষ্টান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান যে, ৩০টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণের চিহ্নিত স্থানে পুরাতন ভবন/গাছপালা দন্ডয়মান থাকার কারণে ওয়াশব্লক নির্মাণ কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থ বছরে অত্র উপজেলার অনুকূলে মোট ৫৭২টি নলকূপ/তারা নলকূপের বরাদ্দ পাওয়া যায়। তারমধ্যে ৫২২টি নলকূপ/তারা নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ৫০টি নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২০ | আনসার ভিডিপি অফিস<br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার-ভিডিপি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২১ | **পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান উক্ত দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের জন্য আত্মকর্মসংস্থানমূলক ঋণ কর্মসূচীর কার্যক্রম অনেকটা স্থবির হয়ে পড়েছে এছাড়া অন্যান্য প্রকল্প/কর্মসূচীর ঋণ কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২ | বিএমডিএ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৪ | বিবিধ:<br>ক) চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি সভায় জানান যে, জরায়ু ক্যান্সারের টিকা প্রদান বিষয়ে আজকে সভায় অবগত হলাম। যেহেতু গত কয়েকদিন আগে টিকা প্রদান কার্যক্রম শুরু হয়েছে, সেহেতু স্বাস্থ্য বিভাগ হতে প্রতিটি ইউনিয়ন পরিষদে পত্র দিয়ে জানানো হলে টিকাদান বিষয়টি বাচ্চাদের গ্রহণের জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করা সহজ হতো। আমরা যেহেতু তৃণমূল পর্যায়ে কাজ করি, সেহেতু প্রতিটি দপ্তরকে আমরা সহযোগিতা করার প্রস্তুত রয়েছি। তিনি জানান অত্র উপজেলায় অনেক ইউনিয়নে চেয়ারম্যানগণ অনুপস্থিত থাকায় প্যানেল চেয়ারম্যানগণ দায়িত্ব পালন করছেন। তিনি তাদেরকে শুভ কামনা জানান। তিনি জানান যে, আমাদের জানান শেষ নেই, শেখার শেষ নেই, অভিজ্ঞতার শেষ নেই। ইউনিয়ন পরিষদের কাজ করতে কিছু জানান থাকলে, ইউনিয়ন প্রশাসনিক কর্মকতাদের কাছে তো জানবেন তারপরও অন্যান্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সাথেও একটু যোগাযোগ রক্ষা করবেন, এতে করে আপনাদের সমৃদ্ধি আরো বাড়বে, যদিও আপনারা ইউপি সদস্য হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করছেন। তারপরও চেয়ারম্যানের অভিজ্ঞতা কিন্তু অন্য রকম। কারণ আপনাদের সম্মানের সাথে গোটা উপজেলা সম্মান এবং সামগ্রিকভাবে ইউনিয়ন পরিষদগুলো সম্মান জড়িত রয়েছে। চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান ভেদাভেদ না করে ইউনিয়ন পরিষদের সম্মান, সুনাম অক্ষুন্ন রাখার জন্য আমরা এক সাথে কাজ করে যাবো মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও জানান যে, যুব সমাজকে মাদকের ভয়াল কবল হতে রক্ষার্থে প্রতি বছর উপজেলা পরিষদ হতে ক্রীড়া সামগ্রী ক্রয় করে বিতরণ করা হয়। তিনি এ বছরও উপজেলা পরিষদ হতে ক্রীড়া সামগ্রী ক্রয়ের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>প্রকল্প-১। অত্র উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী (ফুটবল) বিতরণ।<br>বরাদ্দ-২০০০০০/-<br>পিআইপি:<br>১) চেয়ারম্যান, ০৫নং বালিয়া ইউপি, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সভাপতি<br>২) চেয়ারম্যান, ৮নং রহিমানপুর ইউপি, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সচিব<br>৩) উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য<br>৪) উপজেলা সমাজসেবা অফিসার, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য<br>৫) সার্ট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও — প্রকল্প সদস্য<br>প্রকল্প-২। অত্র উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী(নেট ও ভলিবল) বিতরণ। বরাদ্দ-২০০০০০/-<br>পিআইপি:<br>১) চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সভাপতি<br>২) চেয়ারম্যান, ০৫নং বালিয়া ইউপি, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সচিব<br>৩) উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য<br>৪) উপজেলা সমাজসেবা অফিসার, ঠাকুরগাঁও সদর — প্রকল্প সদস্য<br>৫) সার্ট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও — প্রকল্প সদস্য<br>খ) চেয়ারম্যান, ২২নং সেনুয়া ইউপি সভায় জানান যে, তার ইউনিয়ন একটি নব-গঠিত ইউনিয়ন। তিনি জানান যে, তিনি নির্বাচিত হওয়ার প্রায় তিন বছর হয়ে গেছে। আমাদের কোন ইউপি ভবন ছিলনা। সাবেক এমপি মহোদয়কে বার বার বলার পরও তিনি তেমন কিছুই করেন নাই। ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান হিসেবে আমাদের বসার জন্য উপজেলা প্রকৌশলীর মাধ্যমে ৩৩(তেত্রিশ লক্ষ) টাকার একটি প্রাক্কলন করে নিজের অর্থায়নে ভবনটি নির্মাণ করা হয়েছে। বাস্তবে বিগত তিন বছরে ইউনিয়ন পরিষদের ভবনের জন্য তিনি কারও কাছে কোন আর্থিক সহযোগিতা পাননি। তবে টি.আর এবং ১% বরাদ্দ থেকে প্রায় ১৫ লক্ষ টাকা সমন্বয় করা হয়েছে। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে সাধারণ সকল ইউপি চেয়ারম্যানের অনুকূলে যে বরাদ্দ পায় তিনিও সেই বরাদ্দ পেয়েছেন। তার মধ্যে সাবেক এমপি মহোদয় ইউপি ভবনের জন্য মাত্র ৩.০০(তিনলক্ষ) টাকার টি.আর. প্রদান করেছেন। এর বাইরে কেউ আমাদের ইউনিয়ন পরিষদের দিকে সু-নজর দেন নাই। তিনি জানান যদিও এই ইউনিয়নটি অভিশাপের ইউনিয়ন। তিনি জানান যে, | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের খেলাধুলা ও সংস্কৃতি খাত হতে দুই লক্ষ টাকা করে দুটি প্রকল্পগ্রহণ এবং প্রস্তাবিত পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | এই পরিষদের জন্য যে জায়গাটি নির্ধারণ করা হয় জমি দাতার মধ্যে এক জন ইতিমধ্যে বিজ্ঞ আদালতে মামলা দায়ের করেছে। ইউনিয়ন পরিষদ গঠনের যে সব কাগজপত্র দাখিল করা হয়েছে তাতে যে সকল জনগনের স্বাক্ষর রয়েছে জানা মতে স্বাক্ষরগুলো জাল। তিনি জানান যে, পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে নিয়মিতভাবে জনগণকে সেবা প্রদান করে আসছেন। তিনি জানান যে, উপজেলা পরিষদ এর যে কোন খাত হতে অবশিষ্ট অর্থ ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকল ইউপি চেয়ারম্যান, প্যানেল চেয়ারম্যান এবং উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান চেয়ারম্যান যে, চেয়ারম্যানের কক্ষে দুটি এসি, ইনটেরিয়রের কাজ তাহার ব্যক্তিগত অর্থ দ্বারা স্থাপিত। তিনি জানান এই মূহূর্তে যদি বর্তমান অর্ন্তবর্তীকালীন সরকার ইউনিয়ন পরিষদ বিলুপ্ত করে দেয় তাহলে তিনি ব্যক্তিগত ভাবে অনেক ক্ষতিগ্রস্থ হবেন। পরিশেষে সকলের সুস্বাস্থ্য কামনা করে তার বক্তব্য শেষ করেন। | | |

৩। উপজেলা রাজস্ব তহবিলের আয়-ব্যয় অনুমোদন :

ব্যয় : আলোচ্য সময়ে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত অর্থের নিম্নরূপ বিবরণী সভায় উপস্থাপন করা হয়: -

| ক্রম | গ্রহণকারীর নাম | বিবরণ | চেক নং | তারিখ | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী ১২(বার) জন কর্মচারীর আগস্ট/২০২৪ মাসের মজুরী প্রদানের জন্য উত্তোলন। | ৩৮৮৩৮২২ | ০১/০৯/২০২৪ | ১৫০০০০.০০ |
| ০২ | জনাব মোঃ নুরনবী, সংবাদ বিতরণী, ঠাকুরগাঁও। | আগস্ট/২০২৪ মাসের উপজেলা পরিষদে পত্রিকা সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৮২৩ | ০১/০৯/২০২৪ | ১৮৩২.০০ |
| ০৩ | জনাব মোঃ হারুন অর রশিদ, দোকানদার উপজেলা পরিষদ জামে মসজিদ মার্কেট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | আগস্ট/২০২৪ মাসে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কর্মরত আনসার সদস্যদের জন্য ০২টি গ্যাসের সিলিন্ডার সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৮২৪ | ০১/০৯/২০২৪ | ২৯৭৮.০০ |
| ০৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮২৫ | ০১/০৯/২০২৪ | ২৪২.০০ |
| ০৫ | মোঃ রাজু আহমেদ, ম্যানেজার, গাওশিয়া হোটেল এন্ড রেষ্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের বিভিন্ন সভায় আপ্যায়ন বাবদ বিল প্রদান | ৩৮৮৩৮২৬ | ০৮/০৯/২০২৪ | ১৫২৫২.০০ |
| ০৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮২৭ | ০৮/০৯/২০২৪ | ১২৩৮.০০ |
| ০৭ | মোঃ রাজু আহমেদ, ম্যানেজার, গাওশিয়া হোটেল এন্ড রেষ্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের ০৬/০৯/২০২৪ সভায় আপ্যায়ন বাবদ বিল প্রদান | ৩৮৮৩৮২৮ | ০৮/০৯/২০২৪ | ১৫২৫২.০০ |
| ০৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮২৯ | ০৮/০৯/২০২৪ | ১২৩৮.০০ |
| ০৯ | প্রশাসক, ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের পৌর করের বিল প্রদান। | ৩৮৮৩৮৩০ | ০৮/০৯/২০২৪ | ২২,১০,৮০৮.০০ |
| ১০ | সহকারী কমিশনার (ভূমি), ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে নিশ্চিন্তপুর মৌজার ২.৩২৫০ একর জমির ভূমি উন্নয়ন করের বিল প্রদান। | ৩৮৮৩৮৩১ | ১১/০৯/২০২৪ | ৫৭০৯.০০ |
| ১১ | সহকারী কমিশনার (ভূমি), ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে জগন্নাথপুর মৌজার ৯.০২৫০ একর জমির ভূমি উন্নয়ন করের বিল প্রদান। | ৩৮৮৩৮৩২ | ১১/০৯/২০২৪ | ২১৯৫৭.০০ |
| ১২ | জনাব মোঃ মোশারুল ইসলাম সরকার, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | আগষ্ট/২০২৪ মাসের ০১ হতে ১৭ তারিখ পর্যন্ত ১৭ দিনের সম্মানীভাতা প্রদান। | ৩৮৮৩৮৩৭ | ১১/০৯/২০২৪ | ২২৬৬৬.০০ |
| ১৩ | জনাব মোঃ মোশারুল ইসলাম সরকার, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | আগষ্ট/২০২৪ মাসের ১-১৭ আগষ্ট/২৪, ১৭ (সতের) দিনের বাড়ীভাড়া প্রদান। | ৩৮৮৩৮৩৮ | ১১/০৯/২০২৪ | ২৮৩৩.০০ |
| ১৪ | মোঃ আব্দুর রশিদ, সাবেক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | আগষ্ট/২০২৪ মাসের ০১ হতে ১৮ তারিখ পর্যন্ত ১৮ দিনের সম্মানীভাতা প্রদান | ৩৮৮৩৮৩৯ | ১১/০৯/২০২৪ | ১৬২০০.০০ |
| ১৫ | মাসহুরা বেগম (হুরা), সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | আগষ্ট/২০২৪ মাসের ০১ হতে ১৮ তারিখ পর্যন্ত ১৮ দিনের সম্মানীভাতা প্রদান | ৩৮৮৩৮৪০ | ১১/০৯/২০২৪ | ১৬২০০.০০ |
| ১৬ | চলতি হিসাব নম্বর ২০৫২১১৮৫৩০০০১, ব্র্যাক ব্যাংক, ঠাকুরগাঁও শাখা। | ২২টি ইউনিয়ন পরিষদের কর্মরত ২২ জন দফাদার এবং ১৯৬ জন মহল্লাদার মোট ২১৮ জন গ্রামপুলিশ(মহল্লাদার)গণের মধ্যে ১৯৪ জনের জুলাই ও আগস্ট/২০২৪ মাসের বেতন ভাতা ও শ্রান্তিবিনোদন ভাতা প্রদান স্ব স্ব তহবিলে স্থানান্তর করন। | ৩৮৮৩৮৪১ | ১২/০৯/২০২৪ | ৪৫৬২৫০০.০০ |
| ১৭ | জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা-মৃত দেলবার হোসেন, গ্রাম- লাউথুতি, ওয়ার্ড নং-০৬, ১৮নং শুখানপুখুরী ইউনিয়ন পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ২৪/০৯/২০২৪ তারিখে বজ্রপাতে ছেলে মনির হোসেন (১৪) মৃত্যুবরণ করার কারণে আর্থিক সাহায্যের প্রদান। | ৩৮৮৩৮৪২ | ২৯/০৯/২০২৪ | ১০০০০.০০ |
| ১৮ | জনাব মোঃ দুলাল হোসেন, পিতা- মোঃ নওশাদ আলী, গ্রাম- লাউথুতি, ওয়ার্ড নং-০৬, ১৮নং শুখানপুখুরী ইউনিয়ন পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ২৪/০৯/২০২৪ তারিখে বজ্রপাতে ছেলে মনির হোসেন (১৪) মৃত্যুবরণ করার কারণে আর্থিক সাহায্যের প্রদান। | ৩৮৮৩৮৪৩ | ২৯/০৯/২০২৪ | ১০০০০.০০ |
| ১৯ | জনাব কালী চরণ রায়, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | গত ২৬/০৯/২০২৪ তারিখে পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর কর্তৃক উপজেলা পরিষদ পরিদর্শনে আপ্যায়নের বিল প্রদান | ৩৮৮৩৮৪৪ | ২৯/০৯/২০২৪ | ৬৯১০.০০ |
| ২০ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৪৫ | ২৯/০৯/২০২৪ | ৫৬০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২১ | জনাব মোঃ নাজিমুল হক, পিতা-মৃত আবুল কালাম, গ্রাম- গুঞ্জরগড়, ওয়ার্ড নং-০৬, ১৩নং গড়েয়া ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ২৫/০৯/২০২৪ তারিখের তার পিতা- আব্দুল কালাম (৪৯) বজ্রপাতে মৃত্যুবরণ করার কারণে আর্থিক সাহায্যের প্রদান। | ৩৮৮৩৮৪৬ | ৩০/০৯/২০২৪ | ১০০০০.০০ |
| ২২ | জনাব মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | ১২(বার) জন কর্মচারী সেপ্টেম্বর/২০২৪ মাসের মজুরী মাষ্টাররোলের মাধ্যমে প্রদানের জন্য উত্তোলন। | ৩৮৮৩৮৪৭ | ০২/১০/২০২৪ | ১৩৭৪৮৮.০০ |
| ২৩ | জনাব মোঃ নুরনবী, সংবাদ বিতরণী, ঠাকুরগাঁও। | সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদে পত্রিকা সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৮৪৮ | ০২/১০/২০২৪ | ১৪৯১.০০ |
| ২৪ | জনাব মোঃ হারুন অর রশিদ, দোকানদার উপজেলা পরিষদ জামে মসজিদ মার্কেট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | সেপ্টেম্বর/২০২৪ মাসে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কর্মরত আনসার সদস্যদের জন্য ০২টি গ্যাসের সিলিন্ডার সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৮৪৯ | ০২/১০/২০২৪ | ৩০৭১.০০ |
| ২৫ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৫০ | ০২/১০/২০২৪ | ২৪৯.০০ |
| ২৬ | চলতি হিসাব নম্বর ২০৫২১১৮৫৩০০০১, ব্র্যাক ব্যাংক, ঠাকুরগাঁও শাখা। | ২২টি ইউনিয়ন পরিষদের কর্মরত ২২ জন দফাদার এবং ১৯৬ জন মহল্লাদার মোট ২১৮ জন গ্রামপুলিশ(মহল্লাদার)গণের মধ্যে ১৯৩ জনের সেপ্টেম্বর/২০২৪ মাসের বেতন ভাতার অর্থ সংশ্লিষ্ট তহবিলে স্থানান্তর করন। | ৩৮৮৩৮৫১ | ০৭/১০/২০২৪ | ৯৫০৯৫০.০০ |
| ২৭ | মোছাঃ হামিদা খাতুন, স্বামী-মৃত সুলতান আলী, গ্রাম-কচুবাড়ী, আউলিয়াপুর ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ০৬নং আউলিয়াপুর ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের গ্রামপুলিশ জনাব সুলতান আলী ১৩ দিনের ইউপি অংশের বেতন-ভাতার অর্থ প্রদান। | ৩৮৮৩৮৫২ | ০৮/১০/২০২৪ | ২০০৮.০০ |
| ২৮ | জনাব মোঃ রাজু আহম্মেদ, ম্যানেজার গাওসিয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও | সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদের বিভিন্ন সভায় ১০০ প্যাকেট খাবার সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৮৫৩ | ০৯/১০/২০২৪ | ২৭৭৫০.০০ |
| ২৯ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৫৪ | ০৯/১০/২০২৪ | ২২৫০.০০ |
| ৩০ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালি, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে বৈদ্যুতিক লাইন, রান্নাঘরের সিলিং মেরামত বাবদ মিস্ত্রি মজুরীসহ বিল প্রদান। | ৩৮৮৩৮৫৫ | ০৯/১০/২০২৪ | ৮৭২৫.০০ |
| ৩১ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৫৬ | ০৯/১০/২০২৪ | ৫৯৪.০০ |
| ৩২ | জনাব মোঃ আরমান আলী, প্রোপাইটর, মেসার্স অপসরা স্যানেটারী এন্ড টাইলস্ কর্ণার, উপজেলা মার্কেট, ঠাকুরগাঁও । | উপজেলা পরিষদের তিনটি পানির পাম্প মেরামতের লক্ষ্যের মালামাল সরবরাহ ও মিস্ত্রী মজুরীসহ বিল প্রদান। | ৩৮৮৩৮৫৭ | ১৬/১০/২০২৪ | ২৩১২৫.০০ |
| ৩৩ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৫৮ | ১৬/১০/২০২৪ | ১৮৭৫.০০ |
| ৩৪ | জনাব মোঃ হারুন-অর-রশিদ, প্রোপাইটর, ভ্যারাইটিস স্টোর, উপজেলা পরিষদ মসজিদ মার্কেট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদে রুম স্প্রে ও ফ্লোর ব্রাশ সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৮৫৯ | ১৬/১০/২০২৪ | ১৪৭০.০০ |
| ৩৫ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৬০ | ১৬/১০/২০২৪ | ১২০.০০ |
| ৩৬ | জনাব মারজিনা বেগম, উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | গত ২২/০৯/২০২৪ হতে ২৬/০৯/২০২৪ তারিখ পর্যন্ত ০৫দিন উপজেলা পরিষদে ১০(দশ) জন শ্রমিক দ্বারা জঙ্গল পরিষ্কার করণের বিল প্রদান। | ৩৮৮৩৮৬১ | ১৬/১০/২০২৪ | ২৫০০০.০০ |
| ৩৭ | জনাব কার্তিক চন্দ্র রায়, ম্যানেজার, হাবিব ইলেকট্রিক, বঙ্গবন্ধু সড়ক, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদের হলরুমের জন্য বৈদ্যুতিক মালামাল সরবরাহ ও মিস্ত্রী মজুরীসহ বিল প্রদান। | ৩৮৮৩৮৬২ | ২০/১০/২০২৪ | ৭২৫০.০০ |
| ৩৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৬৩ | ২০/১০/২০২৪ | ১০১২.০০ |
| ৩৯ | জনাব মোঃ রাজিবুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী, ঠাকুরগাঁও সদর, | উপজেলা পরিষদের টাঙ্গন কোয়াটারের বৈদ্যুতিক মালামাল ক্রয় ও মেরামতের মিস্ত্রী মজুরীসহ বিল প্রদান। | ৩৮৮৩৮৬৪ | ২৮/১০/২০২৪ | ৮২৬৩.০০ |
| ৪০ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৩৮৮৩৮৬৫ | ২৮/১০/২০২৪ | ৩৮৭.০০ |

বর্ণিত ব্যয়গুলোর বিষয়ে সভায় আলোচনা হয়। সার্বিক বিবেচনায় ব্যয়সমূহ যৌক্তিক বিধায় ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।

## ৬। প্রশাসক ও সভাপতি

জনাব বেলায়েত হোসেন, প্রশাসক ও সভাপতি সভায় জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলা একটি শান্তিপ্রিয় এলাকা। ঠাকুরগাঁও সদর উপজেলা মডেল উপজেলা হিসেবে গড়ে তোলার জন্য আমাদেরকে আন্তরিকভাবে কাজ করতে হবে এবং প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীর নতুন করে বরাদ্দ পাওয়া গেছে। এটার জুলাই হতে অক্টোবর/২০২৪ মাসের জন্য প্রতি ইউনিয়নে প্রতি মাসে নয় জন করে চার মাসের জন্য মোট ৩৬ জন উপকারভোগী নির্বাচন করার জন্য আগামী ৩১/১০/২০২৪ তারিখ অর্থ্যাৎ আকের মধ্যে অনলাইনে এন্টি করার কথা ছিল কিন্তু এখনও অনলাইনের সার্ভারটি চালু করা হয় নাই। এই উপকারভোগী নির্বাচনে কয়েকটি ক্যাইটেরিা রয়েছে। তারমধ্যে ১। উপকারভোগীর বয়স ৩০-৩৫ মধ্যে হতে হবে, ২। শুধুমাত্র প্রথম অথবা দ্বিতীয় গর্ভকাল হবে হবে। ৩। উপকারভোগী জাতীয় পরিচয়পত্র অবশ্যই থাকতে হবে এবং উপকারভোগী ও তার স্বামীর অনলাইন জন্ম নিবন্ধন থাকতে হবে, যার জাতীয় পরিচয়পত্র এবং অনলাইন জন্ম নিবন্ধন নাই বা এখনও হয় নাই তাদের নাম তালিকাভূক্ত করা যাবে না, ৪। উপকারভোগীর স্বাস্থ্য বিভাগ হতে অবশ্যই এএফসি কার্ড থাকতে হবে, ৫। যিনি উপকারভোগী নির্বাচিত হবেন তার মোবাইল ব্যাংকিং, যেকোন ব্যাংক এ হিসাব নম্বর থাকতে হবে, ৬। নির্বাচিত উপকারভোগী যে ইউনিয়নের এবং যে ওয়ার্ডের নির্বাচিত হয়েছেন, তাকে সেই ওয়ার্ডে বসবাস করতে হবে, ৭। যে পেশার লোকজন এই তালিকার অন্তর্ভূক্ত হবেন তারা হচ্ছে রিক্সা/ভ্যান

চালক, দিনমজুর, কামার-কুমার, জেলের, ধোপা, তাতি এই সমস্ত ব্যক্তির গৃহীনিগণ এই তালিকাভূক্তিতে অগ্রাধিকার দিতে হবে। এছাড়া কোন বাড়ীতে স্বাস্থ্য সম্মত টয়লেট, পানীয় জলে ব্যবস্থা এবং বিদ্যুৎ সংযোগ না থাকলে আবার কোন পরিবারের প্রতিবন্ধি সদস্য থাকে, এই রকম বাড়ীর ব্যক্তিগণকে অগ্রাধিকার দিতে হবে। এছাড়া কারো বাড়ীঘর যদি বাঁশের বেড়া, পাটখড়ির বেড়া, টিনের ছাপড়া ইত্যাদি ধরনের লোকজনকে উপকারভোগী হিসেবে নির্বাচন করা যাবে। এছাড়াও যদি কোন পরিবার ভূমিহীন হন, সেই ব্যক্তি অন্যের বাড়ীতে বসবাস করছেন, তাদেরকে উপকারভোগী নির্বাচনের জন্য অনুরোধ জানান। ইউপি চেয়ারম্যানকে উপকারভোগীর তালিকা করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত উপকারভোগীর তালিকাগুলো আবার উপজেলা কমিটির মাধ্যমে যাচাই হবে। যদি আপনাদের দাখিলকৃত তালিকা যাচাই বাছাই কমিটির কাছে সঠিক মনে হয়, তাহলে সেগুলো অনলাইনে এন্টি করার জন্য অনুমতি প্রদান করা হবে। চেয়ারম্যান, ০৫নং বালিয়া ইউপি জানান যে, এই চার মাসের মধ্যে যাদের বাচ্চা ডেলিভারী হয়ে গেছে তারা এই তালিকায় অর্ন্তভূক্ত হবেন কি না। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, শুধু গর্ভাবস্থায় বাচ্চা রয়েছে এমন ব্যক্তিগণ তালিকায় অন্তর্ভূক্ত হবেন। আমরা সকলে মিলে কাজ করলে ঠাকুরগাঁও সদর উপজেলাকে একটি সুন্দর উপজেলা হিসেবে গড়ে তুলতে পারবো। তিনি যেন দায়িত্বপালনকালীন সময়ে সঠিকভাবে দায়িত্বপালন করতে পারেন সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

পরিশেষে সকলের সু-স্বাস্থ্য কামনা করে এবং আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১/১০/২৪
(বেলায়েত হোসেন)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothakurgaon@mopa.gov.bd


স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৩.০০১.২৩-২০২০(৫০) তারিখ : ৩১/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৭। ---------------------

৩১/১০/২৪
(বেলায়েত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
ফোন-০৫৬১-৬১৫০০।